গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
সুজানগর, পাবনা।

'২০ একর পর্যন্ত বদ্ধ জলাশয় বাংলা ১৪৩০-১৪৩২ পর্যন্ত অনলাইনে ইজারা বিজ্ঞপ্তি'

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের গেজেট, অতিরিক্ত সংখ্যা ২৫ জুন, ২০০৯ খ্রিঃ তারিখে প্রকাশিত ভূমি মন্ত্রণালয়ের শাখা নং-৭-এর ২৩ জুন, ২০০৯ খ্রিঃ তারিখের প্রজ্ঞাপন অনুযায়ী সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি ২০০৯ এর "জাল যার জলা তার" এই নীতির আলোকে এবং ভূমি মন্ত্রণালয়, সায়রাত-১ অধিশাখার ১৮.১২.২০২২ খ্রিঃ তারিখের ৩১.০০.০০০০.০৫০.৬৮.০২০.০৯(অংশ-২).৪৮ নং প্রজ্ঞাপন মোতাবেক পাবনা জেলার সুজানগর উপজেলাধীন তফসিল-'খ' এ বর্ণিত ২০ একর পর্যন্ত বদ্ধ জলাশয় বাংলা ১৪৩০-১৪৩২ সন পর্যন্ত ০৩ (তিন) বছর মেয়াদে ইজারা/ বন্দোবস্ত প্রদানের নিমিত্ত আগ্রহী নিবন্ধিত প্রকৃত মৎস্যজীবী সংগঠন/ সমিতির নিকট থেকে তফসিল-'ক' এ বর্ণিত সিডিউল অনুযায়ী অনলাইনে দরখাস্ত/ আবেদন গ্রহণ করা হবে।

আগ্রহী নিবন্ধিত প্রকৃত মৎস্যজীবী সংগঠন/সমিতির ও যুব মৎস্যজীবী সংগঠনকে (১৮-৩৫ বছর পর্যন্ত বয়স) বর্ণিত সিডিউল অনুযায়ী www.land.gov.bd অথবা www.jm.lams.gov.bd লিংকে অনলাইনে আবেদন করার জন্য আহ্বান করা যাচ্ছে। নিম্নবর্ণিত সিডিউল অনুযায়ী অনলাইনে আবেদনের প্রিন্টেড কপি, উপজেলা নির্বাহী অফিসার, সুজানগর, পাবনা এর অনুকূলে ৫০০/-(পাঁচ শত) টাকা মূল্যের (অফেরৎ যোগ্য) ব্যাংক ড্রাফট/ পে-অর্ডার ও জামানতের মূল কপি সীলগালাকৃত মুখবন্ধ খামে নিম্নোক্ত তারিখে উপজেলা নির্বাহী অফিসার, সুজানগর,ও উপজেলা ভূমি অফিস, সুজানগর, পাবনা'র কার্যালয়ে দাখিল করতে হবে। অনলাইনে আবেদনের প্রিন্টেড কপি ব্যতিত সিডিউল বর্ণিত তারিখের পর আর কোন আবেদন গ্রহণ করা হবে না। আবেদনের সাথে উপজেলা নির্বাহী অফিসার, সুজানগর, পাবনা এর অনুকূলে প্রদেয় ইজারা মূল্যের ২০% মূল্যের (অফেরৎ যোগ্য) ব্যাংক ড্রাফট/ পে-অর্ডার জমা দিতে হবে। আবেদনপত্র সমূহ আবেদন দাতার সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকে) খোলা হবে। কোন জলমহাল ইজারা প্রদনের বিরুদ্ধে যদি উপর্যুক্ত কর্তৃপক্ষ/ আদালত স্থিতিবস্থা/ স্থগিতাদেশ/ নিষেধাজ্ঞার আদেশ জারী করেন, তবে সে সকল জলমহালের ক্ষেত্রে এই বিজ্ঞপ্তি কার্যকর হবে না।

উল্লেখ্য যে, সংশ্লিষ্ট জলমহালের নিকটবর্তী/ তীরবর্তী নিবন্ধিত মৎস্যজীবী সংগঠনগুলোকে প্রয়োজনীয় যোগ্যতা সাপেক্ষে অগ্রাধিকার প্রদান করা হবে। জলমহাল ইজারা সংক্রান্ত যাবতীয় তথ্যাদি এবং ইজারাদারদের অবশ্য পালনীয় শর্তাবলী নিম্নে প্রদত্ত হলো। জলমহাল ইজারা সংক্রান্ত যাবতীয় তথ্যাদি যে কোন কার্যদিবসে অফিস চলাকালীন সময়ে সংশ্লিষ্ট অফিস হতে জানা যাবে।

'ক' তফসিল

| ক্রমিক | গৃহিত কার্যক্রম | তারিখ ও সময় |
|---|---|---|
| ০১) | অনলাইনে আবেদন দাখিল | ০৬ মাঘ হতে ২৫ মাঘের মধ্যে (১৯ জানুয়ারি, ২০২৩ খ্রি. তারিখে হতে ০৮ ফেব্রুয়ারি, ২০২৩ খ্রি.) |
| ০২) | অনলাইনে দাখিলকৃত আবেদনের প্রিন্টেড কপি ও জামানতের মূলকপি সীলগালা মুখবন্ধ খামে উপজেলা নির্বাহী অফিসারের এবং উপজেলা ভূমি অফিস, সুজানগর, পাবনার কার্যালয়ে দাখিল। (প্রতিদিন সকাল ০৯.০০ টা হতে বিকাল ৪.০০ টা পর্যন্ত) | ২৬ মাঘ থেকে পরবর্তী ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে ( ১২, ১৩, ১৪ ফেব্রুয়ারি, ২০২৩ খ্রি.)<br>২৬ মাঘ ১৪২৯ বঙ্গাব্দ ০৯ ফেব্রুয়ারি পরবর্তী ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে। |
| ০৩) | অনলাইনে প্রাপ্ত আবেদন সমূহ এবং দাখিলকৃত প্রিন্টেড কপি যাচাই-বাছাই। | ০৬ ফাল্গুন ১৪২৯ বঙ্গাব্দ (১৯ ফেব্রুয়ারি ২০২৩ খ্রি.) এর মধ্যে। |

(চলমান পাতা-০২)

'ক' তফসিল

| ক্রমিক | গৃহিত কার্যক্রম | তারিখ ও সময় |
|---|---|---|
| ০৪) | উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সভায় উপস্থাপন ও অনুমোদন। | ১৫ ফাল্গুন, ১৪২৯ বঙ্গাব্দ(২৮ ফেব্রুয়ারি, ২০২৩ খ্রি.)এর মধ্যে। |
| ০৫) | উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক ইজারাদেশ প্রদান ও ইজারা গ্রহীতাকে অবহিতকরণ। | ২৯ ফাল্গুন, চৈত্র ১৪২৯ বঙ্গাব্দ(১৪ মার্চ, ২০২৩ খ্রি.) |
| ০৬) | উপজেলা নির্বাহী অফিসার কতৃক ইজারাদেশ প্রদান ও ইজারাগ্রহীতাকে অবহিতকরণ। | ০৭ চৈত্র, ১৪২৯ বঙ্গাব্দ (২১ মার্চ, ২০২৩ খ্রি.)এর মধ্যে। |
| ০৭) | ইজারাগ্রহীতা কর্তৃক নির্ধারিত কোডে ইজারা মূল্য ও আয়কর ভ্যাট জমা প্রদান এবং ইজারা গ্রহীতার সাথে ইজারা চুক্তি সম্পাদন। | ২৩ চৈত্র, ১৪২৯ বঙ্গাব্দ (০৬ এপ্রিল, ২০২৩ খ্রি.) এর মধ্যে। |
| ০৮ | ইজারা গ্রহীতাকে জলমহালের দখল বুঝিয়ে দেয়া। | ১ বৈশাখ, ১৪৩০ বঙ্গাব্দ (১৪ এপ্রিল, ২০২৩ খ্রি.) |

**১৪৩০ বাংলা সন হতে ১৪৩২ বাংলা সন পর্যন্ত ০৩ বছর মেয়াদী ইজারাযোগ্য খাস পুকুর/ জলমহালের বিবরণ**

**'খ' তফসিল**

| ক্র: নং | জলমহাল/পুকুরের নাম | মৌজা | খং নং | দাগ নং (আরএস) | আয়তন (একরে) | বাৎসরিক সম্ভাব্য সরকারি ইজারা মূল্য |
|---|---|---|---|---|---|---|
| ০১ | বামুন্দি জোলা জলকর | বামুন্দি | ০১ | ৪১৯ | ৩.৩৩ | ৫২,৫০০/- |
| ০২ | বিল কাটা জোলা জলমহাল | ছোট জোরপুকুরিয়া | ০১ | ৪১০<br>৪১১ | ২.৩৪<br>২.৪০<br>৪.৭৪ | ৬৬,১৫০/- |
| ০৩ | বিল গাজনা জলকর | খোর্দ্দদূর্গাপুর | ০১ | ১২৬১ | ১০.৮৫ | ৭৮৭৫০/- |
| ০৪ | বিল বন্ধনখালী-১ জলকর | বড় জোড়পুকুরিয়া | ০১ | ৬০৩৮ | ৭.৪৬ | ৫৩,৮৮৫/- |
| ০৫ | বিল বন্ধনখালী-২ জলকর | বড়জোড়পুকুরিয়া | ০১ | ৩০৪৭<br>৩৫৭০ | ১.২৩<br>১১.৮০ | ৫৬,০৫৭/- |
| ০৬ | নাংলাখালী জোলা জলকর | বিরাহিমপুর | ০১ | ১৫৮৬ | ১৭.৮৬ | ৩৩,৯৫১/- |
| ০৭ | বগাজানী জলমহাল | বগাজানি | ০১ | ৭৪০ | ১.৬২ | ১০,৫০০/- |
| ০৮ | মধুপুর জলমহাল | মধুপুর | ০১ | ১৮৪<br>২০২<br>১০৫৩<br>১৩৫৪<br>১৪০৪<br>১৭৯৮<br>১৭১৭<br>১৪১৪<br>১১৮৮<br>১১৮০ | ৩.১০<br>০.৭৬<br>৪.৬৫<br>৩.৩০<br>০.৮৬<br>১.০৩<br>০.৭২<br>০.৪৪<br>২.৫৫<br>০.৩২<br>১৭.৭৩ | ৫,২৫,০০০/- |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ০৯ | উত্তর দূর্গাপুর-১ জলমহাল | উত্তর দূর্গাপুর | ০১ | ১৮৭২ | ০.৬৭ | ১৫,৭৫০/- |
| ১০ | উত্তর দূর্গাপুর-২ জলমহাল | উত্তর দূর্গাপুর | ০১ | ১৬৭৮ | ১.৩২ | ৩৪,৬৫০/- |
| ১১ | উত্তর দূর্গাপুর-৩ জলমহাল | উত্তর দূর্গাপুর | ০১ | ১৬০৬ | ০.৪১ | ৫,৭৭৫/- |

শর্তাবলী:

০১) www.land.gov.bd অথবা www.jm.lams.gov.bd জলমহাল ইজারার জন্য আবেদন অনলাইনে দাখিল করতে হবে।

০২) অনলাইন ব্যতিত কোন আবেদন গ্রহণ করা হবে না।

০৩) ইজারা প্রদান সংক্রান্ত অন্যান্য শর্তাবলী অপরিবর্তিত থাকবে।

০৪) আবেদনপত্রের সাথে ৫০০/-(পাঁচশত) টাকা আবেদন ফি (অফেরৎযোগ্য), সুজানগর উপজেলার যে কোন তফসিলি ব্যাংক হতে পে-অর্ডার/ব্যাংক ড্রাফট এর মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার, সুজানগর, পাবনা এর অনুকূলে জমা দিতে হবে।

০৫) ইজারা বিজ্ঞপ্তিতে ০১ বছরের বার্ষিক মূল্য উল্লেখ করা হয়েছে, যা ৩ বছরের জন্য উল্লেখিত মূল্যের ০৩ (তিন) গুন হবে।

০৬) নির্ধারিত তারিখ ও সময়ে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় এবং উপজেলা ভূমি অফিস, সুজানগর, পাবনার কার্যালয়ে রক্ষিত টেন্ডার বাক্সে আবেদনপত্র গ্রহণ করা হবে।

০৭) আবেদনপত্র দাখিলের পূর্বে জলমহালটি সরেজমিনে দেখে আবেদন দাখিল করতে হবে। পরে কোন আপত্তি করলে তা গ্রহণযোগ্য হবে না।

০৮) সংশ্লিষ্ট জলমহালের নিকটবর্তী বা তীরবর্তী নিবন্ধিত মৎস্যজীবী সংগঠন/যুব মৎস্যজীবী (১৮-৩৫ বছর পর্যন্ত) নিবন্ধিত সমিতিগুলোকে প্রয়োজনীয় যোগ্যতা সাপেক্ষে অগ্রাধিকার প্রদান করা হবে।

০৯) আবেদনপত্রের সাথে প্রকৃত মৎস্যজীবি সমবায় সমিতির সদস্যদের নামের তালিকা (ঠিকানাসহ) এবং নির্বাহী সদস্যদের নামের তালিকা (ঠিকানাসহ) সংযুক্ত করতে হবে এবং উহার অনুলিপি উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি এর নিকট দাখিল করতে হবে।

১০) আবেদনপত্রের নির্দিষ্ট কলামসমূহ যথাযথ ভাবে পূরণপূর্বক আবেদনকারীকে স্বাক্ষর প্রদান করতে হবে।

১১) আবেদনপত্রে বা ফরমে টাকার অংকের ঘরে কোন প্রকার ঘষামাজা করা যাবে না। প্রতিটি কলাম যথাভাবে স্পষ্টাক্ষরে লিখতে হবে।

১২) বিশেষত আবেদনপত্র বা ফরমের টাকা অংকের ঘরে কোন প্রকার কাটাকাটি বা ঘষামাজা করলে আবেদনপত্র বাতিল বলে গন্য হবে।

১৩) আবেদনপত্রের সাথে প্রথম বছরের জন্য উদ্ধৃত্ত মূল্যের ২০% জামানত হিসেবে উপজেলা নির্বাহী অফিসার সুজানগর, অনুকূলে যে কোন তফসিলী ব্যাংকের পে-অর্ডার/ ব্যাংক ড্রাফট আকারে দাখিল করতে হবে।

১৪) আবেদনপত্রে উল্লেখিত মূল্যের সাথে ১৫% মূল্য সংযোজন ভ্যাট, ১০% আয়কর ইজারা গ্রহীতাকে পরিশোধ করতে হবে।

১৫) আবেদনপত্রের সাথে মৎস্যজীবি সংগঠন/যুব মৎস্যজীবি সমিতির নির্বাচিত কমিটি, গঠনতন্ত্রের কপি, ব্যাংক একাউন্টের লেনদেন সংক্রান্ত প্রত্যয়নপত্র ও সত্যায়িত ছবি সংযোজন করতে হবে।

১৬) আবেদনকারী সমবায় সমিতি বর্তমানে কার্যকর আছে কিনা তার প্রমাণ স্বরূপ জেলা/ উপজেলা সমবায়/ সমাজসেবা কর্মকর্তা কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র দাখিল করতে হবে এবং বিগত ২ (দুই) বছরের অডিট রিপোর্ট দাখিল করতে হবে।

১৭) আবেদনকারী মৎস্যজীবী সংগঠন/যুব মৎস্যজীবী সমিতিকে ০৩ (তিন) বৎসর মেয়াদী লীজ পাওয়ার পক্ষে সংশ্লিষ্ট জলমহালের মৎস্য চাষ/ উৎপাদন/ সুষ্ঠু ব্যবস্থাপনা পরিকল্পনা রূপরেখা আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

১৮) জলমহাল সংক্রান্ত ইজারা বিজ্ঞপ্তিতে উল্লিখিত জলমহালের নিকটবর্তী বা তীরবর্তী প্রকৃত মৎস্যজীবী সমিতি যারা সমবায়/ সমাজসেবা অধিদপ্তরে নিবন্ধিত সে সকল সমিতি জলমহাল ইজারার জন্য আবেদন করতে পারবেন। তবে কোন ব্যাক্তি বা অনিবন্ধিতসংগঠন/ সমিতি জলমহাল ইজারার জন্য আবেদন করতে পারবেন না।

১৯) আবেদনকারী মৎস্যজীবী সংগঠন/যুব মৎস্যজীবী সমিতিতে যদি কোন সদস্য থাকেন যিনি প্রকৃত মৎস্যজীবী না হন তাহলে উক্ত সমিতি আবেদনের অযোগ্য হবেন।

২০) আবেদনকারী মৎস্যজীবী সংগঠন/ যুব মৎস্যজীবী সমিতিকে যাচাই বাছাইয়ের ক্ষেত্রে উক্ত সংগঠন/ সমিতি এর কোনজঙ্গি সম্পৃক্ততা থাকলে এবং পূর্বের কোন জলমহালের ইজারার মূল্য পরিশোধে খেলাপী হয়ে থাকলে অথবা জলমহাল সংক্রান্ত কোন সার্টিফিকেট মামলা কিংবা অন্য কোন আদালতে কোন মামলা থাকলে উক্ত সংগঠন/ সমিতি জলমহাল ইজারার/ বন্দোবস্তের অযোগ্য বিবেচিত হবে।

২১) জলমহাল ইজারা বন্দোবস্ত গ্রহীতা সমিতি সংশ্লিষ্ট বছর ভিত্তিক উন্নয়ন কার্যক্রম সংবলিত তথ্য প্রতি বছর উপজেলা নির্বাহী অফিসার, সুজানগর, অবগতির জন্য পেশ করবেন।

২২) জলমহাল ইজারা/বন্দোবস্ত প্রাপ্ত কোন মৎস্যজীবী সংগঠন/যুব মৎস্যজীবী সমিতি, তাদের নামে লীজকৃত জলমহাল কোন অবস্থাতেই সাবলীজ প্রদান করতে পারবেন না বা অন্য কোন ব্যাক্তি বা গোষ্ঠিকে হস্তান্তর করতে পারবেন না।

২৩) কোন মৎস্যজীবী সমবায় সংগঠন/যুব মৎস্যজীবী সংগঠন সমিতি ২(দুই) টির অধিক জলমহাল ইজারা/বন্দোবস্ত পাবেন না।

২৪) জলমহাল ইজারার মেয়াদ ১ লা বৈশাখ থেকে শুরু হবে এবং বছরের যে কোন সময় জলমহালের ইজারা গ্রহণ করলেও ইজারার মেয়াদ ১ বৈশাখ থেকে কার্যকর হবে এবং একই বছরের ৩০ চৈত্র তারিখে তা শেষ হবে।

২৫) বন্দোস্তকৃত বা ইজারাকৃত জলমহালের কোথাও প্রবাহমান প্রাকৃতিক পানি আটকে রাখা যাবে না। বদ্ধ বা উন্মুক্ত কোন জলাশয়েই রাক্ষুসে মাছ চাষ করা যাবে না।

২৬) কোন জলমহাল ইজারা/ বন্দোস্ত প্রদানের বিরুদ্ধে যদি উপযুক্ত আদালত স্থিতাবস্থা/ স্থগিতাদেশ/ নিষেধাজ্ঞা আদেশ জারি করেন, তবে সে সকল জলমহালের ক্ষেত্রে এ বিজ্ঞপ্তি কার্যকর হবে না।

২৭) প্রথম তারিখে সিদ্ধান্তবিহীন পরবর্তী তারিখে (ইজারা বিজ্ঞপ্তিতে উল্লিখিত তারিখের ধারাবাহিকতা অনুযায়ী) ইজারা কার্যক্রম পরিচালিত হবে।

২৮) জলমহালের কোন ক্ষতি সাধন করা যাবে না এবং ভূগর্ভস্থ কোন সম্পদের উপর লিজ গ্রহীতার অধিকার থাকবে না।

২৯) জমাকৃত আবেদনপত্রসমূহ যাচাই-বাছাই এর ক্ষেত্রে উপজেলা নির্বাহী অফিসার, সুজানগর, এর সিদ্ধান্তই চূড়ান্ত বলে গন্য হবে এবং কোন কারণ দর্শানো ব্যতিরেকে যেকোন বা সকল আবেদনপত্র গ্রহণ ও বাতিলের এখতিয়ার কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

৩০) জলমহাল ইজারা/ বন্দোস্ত প্রাপ্ত মৎস্যজীবী সংগঠন/ যুব মৎস্যজীবী সমিতি তাদের নিজ খরচে ইজারা চুক্তি সম্পাদন করবেন।

৩১) উল্লিখিত যে কোন শর্ত খেলাপী বা পালনে ব্যর্থ হলে ইজারা/ বন্দোবস্তের মেয়াদ শেষ হওয়ার পূর্বেই ইজারা বাতিল ও সমুদয় টাকা সরকারের অনুকূলে বাজেয়াপ্ত করা হবে।

৩২) জলমহাল সংক্রান্ত ব্যবস্থাপনা "সর্বক্ষেত্রে জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯" অনুযায়ী পরিচালিত হবে। এছাড়াও বিভিন্ন সময়ে জারীকৃত সরকারি বিধি বিধানসমূহ ইজারা গ্রহীতাকে মেনে চলতে হবে।

(মোঃ তরিকুল ইসলাম)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
সুজানগর, পাবনা
ফোন নং ০১৭৬২-৬২১০০১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা ভূমি অফিস
সুজানগর, পাবনা।

স্মারক নং -৩১.৪৩.৭৬৮৩.০০০.০৬.০০৩.২৩- ৫১ তারিখ ঃ- ১৭/০১/২০২৩ খ্রি.

অনুলিপিঃ সদয় অবগতি/ অবগতির জন্য

১। জনাব আহমেদ ফিরোজ কবির, মাননীয় জাতীয় সংসদ সদস্য ৬৭, পাবনা-২ এবং উপদেষ্টা, উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি, সুজানগর, পাবনা
২। সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড, ভূমি ভবন, তেজগাঁও, ঢাকা
৪। বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী
৫। জেলা প্রশাসক, পাবনা
৬। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), পাবনা
৭। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সুজানগর, পাবনা
৮। উপজেলা নির্বাহী অফিসার, সুজানগর, পাবনা
৯। মেয়র, সুজানগর পৌরসভা, পাবনা
১০। অফিসার ইন-চার্জ, সুজানগর, পাবনা
১১। উপজেলা.............................................অফিসার, সুজানগর, পাবনা
১২। সাব-রেজিস্ট্রার, সুজানগর, পাবনা
১৩। সভাপতি/সম্পাদক, প্রেসক্লাব, সুজানগর, পাবনা
১৪। ব্যবস্থাপক.........................................................., ব্যাংক, সুজানগর, পাবনা
১৫। চেয়ারম্যান.......................(সকল) ইউনিয়ন পরিষদ, সুজানগর, পাবনা। তাঁকে হাট/বাজারসহ গুরুত্বপূর্ণ স্থানে ব্যাপক প্রচার/ঢোল শহরত করার জন্য অনুরোধ করা হলো
১৬। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা...............................(সকল)। তাঁকে হাট/বাজারসহ গুরুত্বপূর্ন স্থানে ব্যাপক ঢোল শহরতের মাধ্যমে জলমহাল ইজারার বিজ্ঞপ্তিটি ব্যাপক প্রচারের জন্য বলা হলো এবং প্রতিবেদন নিম্নস্বাক্ষরকারীর বরাবরে দাখিলের জন্য বলা হলো ।
১৭। বিজ্ঞাপন ম্যানেজার, দৈনিক.................... বর্ণিত বিজ্ঞপ্তিটি আপনার পত্রিকার ভিতরের পাতায় ০১ দিনের জন্য ছোট পরিসরে প্রকাশের অনুরোধ করা হলো।
১৮। সভাপতি/ সম্পাদক.................................... মৎস্যজীবী সংগঠন/ সমিতি ও যুব মৎস্যজীবী সংগঠন, সুজানগর, পাবনা
১৯। জনাব ........................................................................... সুজানগর, পাবনা
২০। অত্রাফিসের নোটিশ বোর্ড

১৭/০১/২৩

(মোঃ তরিকুল ইসলাম)
সহকারী কমিশনার (ভূমি)(অঃ দাঃ)
ও
সদস্যসচিব
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
সুজানগর, পাবনা

১৭/০১/২৩

CS CamScanner